

## জাইলাজিন টেস্ট স্ট্রিপ দিয়ে কিভাবে আপনার ওষুধ পরীক্ষা করবেন

জাইলাজিন, যেটা সাধারণত "ট্রাঙ্ক" নামে পরিচিত, পশুদের একটি ট্রানকুইলাইজার যেটা নিউ ইয়র্ক সিটিতে (New York City, NYC) ওষুধের মধ্যে পাওয়া গেছে। জাইলাজিন চরম উপশম ঘটাতে পারে, যা বেশি মাত্রার ঝুঁকি বাড়ায় এবং স্বকে গুরুতর ক্ষত তৈরি করে। আপনি যে ওষুধ গ্রহণ করার পরিকল্পনা করছেন তাতে জাইলাজিন রয়েছে কিনা তা নির্ধারণ করতে টেস্ট স্ট্রিপ আপনাকে সাহায্য করতে পারে।

### আমার ওষুধে জাইলাজিন রয়েছে কিনা তা কিভাবে পরীক্ষা করব?

1. আপনার ওষুধের প্রায় 10 মিলিগ্রাম (এমজি) (একটি পেনিতে থাকা আব্রাহাম লিংকনের চুল ঢেকে রাখার জন্য যথেষ্ট) একটি পরিষ্কার, শুকনো পাত্রে (যেমন একটি ওষুধ মাপার কাপ) বা একটি প্লাস্টিকের মাইক্রোস্কুপে (যদি আপনার কাছে থাকে) রাখুন।
  - আপনি যদি আপনার ওষুধের 10 মিলিগ্রাম পরীক্ষা করতে না পারেন তবে ওষুধের কমপক্ষে কয়েকটি দানা একটি পরিষ্কার, শুকনো পাত্রে রাখুন।
2. আপনার ওষুধে 5 মিলিলিটার (1 চা চামচ) জল যোগ করুন এবং নাড়ুন।
3. জলে তরঙ্গায়িত দিক দিয়ে টেস্ট স্ট্রিপটি রাখুন। 15 সেকেন্ড ধরে স্ট্রিপটিকে জল শোষণ করতে দিন।
4. টেস্ট স্ট্রিপটিকে জল থেকে বের করে নিন এবং ফলাফল দেখার আগে পাঁচ মিনিটের জন্য একটি সমতল পৃষ্ঠে রেখে দিন। স্ট্রিপটিকে জল থেকে বের করার 10 মিনিটের মধ্যেই ফলাফল পড়া নিশ্চিত করুন।

আপনার কাছে যদি ফেন্টানাইল টেস্ট স্ট্রিপ থাকে, তাহলে আপনি এই একই নমুনা ব্যবহার করে আপনার ওষুধে ফেন্টানাইল এবং জাইলাজিনের উপস্থিতির পরীক্ষা করতে পারেন।

### পরীক্ষার ফলাফল মানে কী?

একটি দাগ থাকলে সেটা **পজিটিভ টেস্ট**, যার অর্থ আপনার ওষুধে জাইলাজিন পাওয়া গেছে। নির্দেশনার জন্য "আমার পরীক্ষার ফলাফল পজিটিভ আসলে বা আমার ওষুধে জাইলাজিন আছে বলে মনে হলে আমার কী করা উচিত?" বিভাগটি দেখুন।



দুটি লাইন (দ্বিতীয় লাইনটি যদি খুব ক্ষীণ হয় তবুও) থাকা মানে এটি একটি **নেগেটিভ টেস্ট**, যার অর্থ আপনার ওষুধে জাইলাজিন পাওয়া **যায়নি**। যদিও, কোনো পরীক্ষাই 100% সঠিক হয় না, তাই আপনার ওষুধে তারপরও জাইলাজিন থাকতে পারে।



কোনো লাইন না থাকলে বা স্ট্রিপের তরঙ্গায়িত দিকের কাছাকাছি একটি লাইন থাকলে সেটি একটি **অবৈধ পরীক্ষা**। যদি থাকে তবে একটি নতুন স্ট্রিপ দিয়ে আপনার ওষুধকে পুনরায় পরীক্ষা করুন।



মনে রাখবেন কোনো পরীক্ষাই 100% সঠিক নয়। কিছু কিছু পরিস্থিতি আপনার ফলস পজিটিভ (উদাহরণস্বরূপ, কিছু পদার্থ, যেমন আপনার ওষুধে লিডোকেইনের উপস্থিতি) বা ফলস নেগেটিভ (উদাহরণস্বরূপ, আপনি যে নমুনাটির পরীক্ষা করেছেন তাতে জাইলাজিন নেই, তবে আপনার বাকি ওষুধগুলিতে জাইলাজিন রয়েছে) হওয়ার সম্ভাবনাকে বাড়িয়ে দিতে পারে।

**আমার পরীক্ষার ফলাফল পজিটিভ আসলে বা আমার ওষুধে জাইলাজিন আছে বলে মনে হলে আমার কী করা উচিত?**

- ওষুধগুলি ব্যবহার করা থেকে বিরত থাকার চেষ্টা করুন, বিশেষ করে যদি আপনি একা থাকেন বা এমন জায়গায় থাকেন যেখানে দীর্ঘ সময়ের জন্য অচেতন হয়ে থাকা বিপজ্জনক হতে পারে।
- তত্ত্বাবধানে ব্যবহার করার জন্য সেগুলিকে একটি বেশি মাত্রার প্রতিরোধ কেন্দ্রে নিয়ে আনুন।
- আপনার স্বকে যদি ক্ষত থাকে, তাহলে জাইলাজিন ব্যবহার করা অব্যাহত রাখলে সেগুলির অবস্থা আরও খারাপ হতে পারে। যদি আপনার শরীরে এমন ক্ষত থাকে যা সেড়ে উঠছে না বা ঠিক হচ্ছে না, তাহলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন। একজন পরিষেবা প্রদানকারী খুঁজে পেতে সহায়তার জন্য, **311** বা **844-692-4692** নম্বরে কল করুন।

**আমি কোথায় জাইলাজিন টেস্ট স্ট্রিপ পাব?**

আপনি [mattersnetwork.org/request-test-strips](https://mattersnetwork.org/request-test-strips) থেকে MATTERS Network সহ অন্যান্য নির্মাতাদের কাছ থেকে ব্যক্তিগতভাবে ব্যবহারের জন্য জাইলাজিন টেস্ট স্ট্রিপ অর্ডার করতে পারেন।

**ওপিওডের ওভারডোজের ঝুঁকি কমাতে আমি কী করতে পারি?**

জাইলাজিন একটি ওপিওড নয়। তবে, NYC-তে, শুধুমাত্র এমন ওষুধের মধ্যেই জাইলাজিন পাওয়া গেছে যেটাতে ফেন্টানাইল (একটি খুব শক্তিশালী ওপিওড) রয়েছে। আপনি যদি জাইলাজিন থাকা ওষুধ ব্যবহার করেন, তাহলে ওপিওডের বেশি মাত্রার ঝুঁকি কমাতে নিম্নলিখিত পদক্ষেপগুলি নিন:

- একা ওষুধ গ্রহণ করা এড়িয়ে চলুন। অন্য লোকেদের সাথে ওষুধ গ্রহণ করুন এবং সেগুলি পালানক্রমে নিন।
  - আপনি যদি একা ব্যবহার করতে যান, তাহলে ব্যবহার করার আগে নেভার ইউজ অ্যালন এর হটলাইন **800-484-3731** নম্বরে কল করুন।
- ওষুধ ব্যবহার করার আগে, আপনার বিশ্বস্ত কাউকে নিয়মিত আপনাকে চেক করতে বলে রাখুন।
- অল্প পরিমাণে গ্রহণ করে ধীরে ধীরে অগ্রসর হন।
- ওষুধ মেশানো এড়িয়ে চলুন।
- নালক্সোন গ্রহণ করুন, একটি নিরাপদ এবং সহজে ব্যবহার করতে পারা ওষুধ যা ওপিওডের বেশি মাত্রার প্রভাবকে হ্রাস করতে পারে (এমনকি যদি ব্যক্তি জাইলাজিনের কারণে অচেতন হয়ে থাকে তবুও)। বিনা খরচে নালক্সোন কোথায় পাওয়া যাবে তা জানতে **311**-এ কল করুন।

চিকিৎসা, ক্ষতি কমা করা এবং ওষুধ চেক করার পরিষেবা সহ অধিক তথ্যের জন্য, [nyc.gov/alcoholanddrugs](https://nyc.gov/alcoholanddrugs) দেখুন। আপনার ওষুধ পরীক্ষা করা সম্পর্কে যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে [drugchecking@health.nyc.gov](mailto:drugchecking@health.nyc.gov)-এ ইমেল করুন।